

## টানা ষষ্ঠবারের মতো আইসিএমএবি সেরা কর্পোরেট অ্যাওয়ার্ড অর্জন করলো সামিট পাওয়ার লিমিটেড



ফটো ক্যাপশনঃ সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত, এমপি'র কাছে থেকে পাওয়ার জেনারেশন ক্যাটাগরিতে আইসিএমএবি সেরা কর্পোরেট অ্যাওয়ার্ড-২০১৭ গ্রহণ করেন।

(ঢাকা, বাংলাদেশ) ৮ই ডিসেম্বর ২০১৮, শনিবার: সামিট পাওয়ার লিমিটেড, দি ইন্সটিটিউট অফ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অফ বাংলাদেশ (আইসিএমএবি) আয়োজিত সেরা কর্পোরেট অ্যাওয়ার্ড ২০১৭ অনুষ্ঠানে পাওয়ার জেনারেশন ক্যাটাগরিতে প্রথম পুরস্কার অর্জন করেছে। এর মধ্য দিয়ে টানা ষষ্ঠবারের মতো কর্পোরেট সুশাসনের জন্য আইসিএমএবি'র এই স্বীকৃতি অর্জন করলো সামিট পাওয়ার লিমিটেড। সামিট পাওয়ার ২০১২ সাল থেকে ধারাবাহিকভাবে আইসিএমএবি'র পুরস্কার পেয়ে আসছে।

রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে আজ ৮ই ডিসেম্বর ২০১৮, শনিবার এই পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সামিট গ্রুপের ভাইস চেয়ারম্যান মো. লতিফ খান, ভাইস চেয়ারম্যান মো. ফরিদ খান, সামিট কর্পোরেশনের এএমডি ফয়সাল করিম খান, সামিট গ্রুপের পরিচালক সালমান খান, সামিট পাওয়ারের ম্যানেজিং ডিরেক্টর লেঃ জেঃ (অবঃ) ইঞ্জিঃ আবদুল ওয়াদুদ, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর ইঞ্জি. মো. মোজাম্মেল হোসেন, কোম্পানী সচিব স্বপন কুমার পাল এফসিএ, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড অ্যান্ড্রুচেঞ্জ কমিশনের চেয়ারম্যান (বিএসইসি) অধ্যাপক ড. এম খায়রুল হোসেন, সাউথ এশিয়ান ফেডারেশন অফ অ্যাকাউন্ট্যান্টস (সাফা)-এর প্রেসিডেন্ট সিএ (ড.) সুবোধ কুমার করণ, মিডল ইস্ট এসিসিএ'র হেড লিভসে দেগুয়াভ ন্যানকুয়েস, আইসিএমএবির সিএবিসি কমিটির চেয়ারম্যান মোহাম্মদ আলী নেওয়াজ এফসিএমএ এবং আইসিএমএবির প্রেসিডেন্ট মোহাম্মদ সেলিম এফসিএমএ।

## মিডিয়া বিজ্ঞপ্তি

### সামিট পাওয়ার সম্পর্কে বিস্তারিতঃ

সামিট পাওয়ার লিমিটেড দেশের বেসরকারি খাতে বিদ্যুৎ উৎপাদনে শীর্ষস্থানীয় ট্রিপল 'এ' রেটিং প্রাপ্ত এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত একটি প্রতিষ্ঠান। বর্তমানে সামিট গ্রুপ মোট ১,৯৪১ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহ করছে। সামিট পাওয়ার সম্প্রতি গাজীপুরের কডডায় মোট ৪৪৯ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন দুটি বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করছে। সামিট গ্রুপ বাংলাদেশ সরকার কর্তৃক ২০১৩ সাল থেকে টানা পাঁচবার সেরা বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের স্বীকৃতি পেয়ে আসছে।

### আইসিএমএবি অ্যাওয়ার্ড সম্পর্কে বিস্তারিতঃ

বাংলাদেশের বিভিন্ন খাতে কর্পোরেট প্রতিষ্ঠানসমূহের অসামান্য অবদানের স্বীকৃতি এবং প্রতিযোগিতার মাধ্যমে অধিক কার্যকরী ভূমিকা পালনে জন্য মহৎ উদ্যোগ হিসেবে ২০০৭ সাল থেকে এই পুরস্কার প্রদান করা হয়। এ বছর দি ইসটিটিউট অফ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অফ বাংলাদেশ (আইসিএমএবি) মোট ১৩টি ভিন্ন ক্যাটাগরিতে ৩২টি প্রতিষ্ঠানকে বেস্ট কর্পোরেট অ্যাওয়ার্ড প্রদান করেছে।

### বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল-[mohsena.hassan@summit-centre.com](mailto:mohsena.hassan@summit-centre.com) | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫